

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

www.brwt.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ২১/১১/২০১৭খ্রি:

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ৭৫তম বোর্ড সভা অনুষ্ঠিত।

২০ নভেম্বর, ২০১৭খ্রিঃ রোজ সোমবার সন্ধ্যা ৬.০০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের চেয়ারম্যান অধ্যক্ষ মতিউর রহমান মহোদয়ের সভাপতিত্বে তাঁরই বাস ভবনের (২৫, বেইলী রোড, ঢাকা) অফিস কক্ষে ট্রাস্টি বোর্ডের ৭৫তম সভা অনুষ্ঠিত হয়।


সভার প্রারম্ভে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান মহোদয়ের সহ-ধর্মিনীর বোন মিসেস শীলা ইসলাম এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয় এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয় এবং ট্রাস্টে সম্মানিত ভাইস চেয়ারম্যান মি: সুপ্ত ভূষণ বড়ুয়া'র থাইল্যান্ডে চিকিৎসাধীন অসুস্থ মাতা মিসেস সবিতা বড়ুয়া'র আশু আরোগ্য রোগ মুক্তি কামনা করা হয়।

সভায় শুভ প্রবারণা পূর্ণিমা ও কঠিন চীরব দানোৎসব-২০১৭ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা দেশের বিভিন্ন অঞ্চলের বৌদ্ধ বিহারে অগ্রাধিকার ভিত্তিতে বিলিবন্টন করার জন্য ট্রাস্ট বোর্ডের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বৌদ্ধ সম্প্রদায়ের প্রতি এই মহানুভবতার জন্য বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট তথা বাংলাদেশের বৌদ্ধ জনগণের পক্ষ হতে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। সভায় বৌদ্ধ বিহার মেরামত/সংস্কারের জন্য ট্রাস্টের বরাদ্দকৃত ১৭ (সতের) লক্ষ টাকা ও বৌদ্ধ শ্মশান সংস্কার/মেরামতের জন্য বরাদ্দকৃত ৭ (সাত) লক্ষ ২৩ (তেইশ) হাজার টাকা অনুদান এবং চিকিৎসার সহায়তার জন্য ৩ (তিন) লক্ষ টাকা অনুদান বিলিবন্টনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এছাড়াও, প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্পের কর্মশালা-২০১৭ আয়োজন ও বৌদ্ধ পারিবারিক আইন প্রণয়ন বিষয়ে মত বিনিময় সভা আয়োজন করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের মাননীয় ভাইস চেয়ারম্যান মি. সুপ্ত ভূষণ বড়ুয়া (কক্সবাজার জেলা), সম্মানিত ট্রাস্টি মি. দয়াল কুমার বড়ুয়া (চট্টগ্রাম জেলা), সম্মানিত ট্রাস্টি মিসেস বাসন্তী চাকমা (খাগড়াছড়ি পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি মি: মং ক্য চিং চৌধুরী (বান্দরবান পার্বত্য জেলা), সম্মানিত ট্রাস্টি দীপক বিকাশ চাকমা (রাঙ্গামাটি পার্বত্য জেলা), ও সম্মানিত ট্রাস্টি খে মং লা রাখাইন মহোদয় (বরগুনা ও পটুয়াখালী জেলা)।

উক্ত সভায় বিশেষ আমন্ত্রণে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় ভারপ্রাপ্ত সচিব মো: আনিসুর রহমান, প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব সাখাওয়াত হোসেন (উপ-সচিব) ও ট্রাস্ট সচিব মি: জয়দত্ত বড়ুয়া, ট্রাস্টের উপ-পরিচালক মি: শ্যামল মিত্র বড়ুয়াসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।


(জয়দত্ত বড়ুয়া)

সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।